১ নং প্রঃ উঃ

ভ্রমন শিক্ষা একটি গুরুত্বপূর্ন অংশ

আমাদের শিক্ষার ব্যবস্থা পুথির ক্ষুদ্র গন্ডির মধ্যে আবদ্ধ বইয়ের বিদ্যার বাইরে আরো অনেক কিছু দেখার ও শিক্ষার আছে। অর্থাৎ বইয়ের জ্ঞানে পাশাপাশি বাস্তব জ্ঞানও দরকার। গ্রীষ্মের ছুটিতে আমরা বাংলাদেশে ইতিহাস ঐতিহ্য সমৃদ্ধ সোনারগাঁও দেখতে শিক্ষা সফরে গিয়েছিলাম। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বইতে বাংলা বারো ভুঁইয়াদের কাহিনী পড়েছি। সেই বারো ভুঁইয়াদের একজন ছিলেন ঈসা খাঁ। তারই অমরকীর্তি ঐতিহাসিক সোনারগাঁও। সোনারগাঁওয়ে প্রাকৃতিক সোভা প্রাচীন স্থাপত্যের নিদর্শন দেখতেই সোনারগাঁওয়ের যাওয়া সিদ্ধান্ত নিয়েছিলাম। সকাল সাতটায় নাস্তা সেরে আমরা দুজন সোনারগাঁও উদ্দেশ্যে রওনা হলাম। ঢাকা কাছেই, তাই পৌছাতে বেশি সময় লাগল না না। রাস্তার পাশে বিরাট দ্বিতল ইমারত। এখন তাও ভগ্নপ্রায় সামনে মস্ত বড় পুকুর। চারপাশে সারি সারি গাছ। স্নানবাধানো-ঘাটের কাছে পাথরে খোদাই করা। বীরযোদ্ধার গর্বিত প্রতিমূর্তিখ-তা বাংলা অবলুপ্ত শৌর্যবীর্যের কথা স্মরন করিয়ে দেয়। এখানে রয়েছে শিল্পাচার্য জয়নুলের প্রচেষ্টায় নির্মিত লোক ও কারু-শিল্প জাদুঘর এবং ঈসা খাঁ রাজধানী মূল ভবন। রাস্তার দুপাশে রয়েছে অনেক পুরানো অট্টালিকা। প্রাচীন যুগের অবাক করার সব স্থাপত্য নিদর্শন। ইতিহাসের উত্থান পতনে কাহিনী। এসব দেখতে দেখতে যেন অতীতে হারিয়ে গেলাম।

নারায়নগঞ্জের ঐতিহ্যবাহী সোনারগাঁও বাংলার ইতিহাসের এক গৌরবোজ্জ্বল প্রাচীন জনপদ। প্রায় তিনশত বছর সোনারগাঁও প্রাচীন বাংলা রাজধানী ছিলো। সুলতান আমলের পটভূমিতে আমাদের সোনালী ঐতিহ্যের দিকে পিছনে ফিরে তাকিয়ে দেখতে এসে নেয়া হয়েছিলো। সোনারগাঁও কে মুঘল সুবেদার ইসলাম খানের সময়ে ১৬০৮ সালে ঢাকায় রাজধানী স্থানান্তরিত হওয়ার পর সোনারগাঁওয়ের গুরুত্ব ম্লান হয়ে যায়। তথাপি সোনারগাঁও আমাদের নিয়ে যায় সোনালী অতীতে কাছে।

পানাম নগর পৃথিবী ১০০টি ধ্বংসপ্রায় ঐতিহাসিক শহরে একটি যা নারায়নগঞ্জ জেলায় সোনারগাঁও এ অবস্থিত। পানাম বাংলা প্রাচীনতম শহর। এক সময় ধনী হিন্দু সম্প্রদায়ের লোকদের বসবাস ছিলো। এখানে ছিলো সমলিনে জমজমাট ব্যবসা। প্রাচীন সেই নগরী তেমন কিছু আর অবশিষ্ট নেই। এখন আছে শুধু ঘরের দেখার মতো ঐতিহাসিক পুরনো বাড়িগুলো। ঈসা খাঁ এর আসলে বাংলা রাজধানী পানাম নগর। বড় নগর খাস নগর। পানাম নগর প্রাচীন সোনারগাঁও এই তিন নগরে মধ্যে পানাম ছিলো সবচেয়ে আকর্ষনীয়। এখানে কয়েক শতাব্দীর পুরনো অনেক ভবন রয়েছে। যা বাংলা ভুঁইয়াদের ইতিহাসের সাথে সম্পর্কিত। ঢাকার খুব কাছে ২০ কি.মি. দক্ষিন-পূর্বে নারায়নগঞ্জ এর খুব কাছে সোনারগাঁওতে অবস্থিত এই নগর। সোনারগাঁও ২০ বর্গকিমি

HUAWEI nova 3i
DUAL CAMERA

এলাকাজুড়ে এই নগরী গড়ে উঠে। ঐতিহাসিকভাবে এটি অত্যন্ত গুরুত্বপূর্ন একটি শহর। জানা যায়, ১৪০০ শতাব্দীতে এখানে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। যেখানে পৃথিবী নামি-দামি শিক্ষকরা পড়াতে আসতেন। পানাম নগরী এর দুই ধারে ঔপনিবেশিক আমলে মোট ৫২ টি স্থাপনা রয়েছে। এর উত্তর দিকে ৩১ টি এবং দক্ষিন দিকে ২১ টি স্থাপনা অবস্থিত।

পানাম নগর ঘুরে এরপর চলে গেলাম সোজা মেঘনা নদীর পাড়ে। আজকের আবহাওয়া আর ঠান্ডা বাতাস। সব মিলে এক অন্যরকম অনুভূতি। পাড়ে বালু উঠানে কাজ চলছে সেখানে যেতেই দেখলাম পাথর নদীতে ফেলা, সেখানে কিছুক্ষন বসে পানিতে হাত ছুঁয়ে দিলাম! আহা! মেঘনার পানির ঢেউ এসে পা ছুঁয়ে দিচ্ছে।

HUAWEI nova 3i
DUAL CAMERA